গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
www.coop.khulnadiv.gov.bd

**নম্বর:** ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০৩১৮.১২.৪০৫

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

যেহেতু, খুলনা মেট্রোপলিটন থানাধীন "ড্রিমটাচ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নম্বর: ১৮/কে, তারিখ: ১২/১১/২০১২, নিবন্ধিত ঠিকানা: ১৫, কেডিএ এভিনিউ, রহিম প্লাজা (৪র্থ তলা), জিপিও ৯০০০, খুলনা, (২০২২-২০২৩ সনের অডিট নোটদৃষ্টে: ৫/4 হাজী ফয়েজ উদ্দিন রোড, মোঃ হাবিবুল্লাহ হাবিব এর বাড়ী, বয়রা, খালিশপুর, খুলনা) এর কার্যক্রম বিগত এক বছরের অধিককাল যাবৎ বন্ধ রয়েছে;

যেহেতু, উক্ত কারণে জেলা সমবায় অফিসার, খুলনা কর্তৃক বিগত ২৪ জুন ২০২৫ তারিখের ৪৭.৬১.৪৭০০.০০০.০০০.৩৩.০০০৫.২২.৮৬০ নম্বর স্মারকপত্রে বর্ণিত সমিতির নিবন্ধন বাতিলের সুপারিশ করা হয়েছে এবং এ কার্যালয়ের বিগত ০২ জুলাই ২০২৫ তারিখের ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০৩১৮.১২.৩৫৯ নম্বর স্মারকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন- ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) মোতাবেক কেন সমিতিটির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে না মর্মে ১৮ জুলাই ২০২৫ তারিখের মধ্যে জবাব দাখিলের জন্য সমিতির সভাপতি বরাবর ২০২২-২০২৩ সনের অডিট নোটদৃষ্টে প্রদত্ত ঠিকানায় (সমিতির নিবন্ধিত ঠিকানায় সমিতির কার্যালয়ের কোন অস্তিত্ব না থাকায়) কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, সমিতির কার্যালয়ের কোন অস্তিত্ব নেই, সভাপতির ঠিকানা খুঁজে না পাওয়ায় কারণ দর্শানো নোটিশটি বিলি করা যায়নি মর্মে মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, খুলনা কর্তৃক বিগত ২২ জুলাই ২০২৫ তারিখের ৩৫ নং স্মারক পত্রে এ কার্যালয়কে অবহিত করা হয়েছে;

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন-২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) এর অর্পিত ক্ষমতা বলে উল্লিখিত সমিতির নিবন্ধন আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

২৪-০৭-২০২৫
মোঃ নূরুন্নবী
বিভাগীয় যুগ্ম নিবন্ধক
০২৪৭৭৭০১৯৮১
✉ jr.khulna@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০৩১৮.১২.৪০৫/১ (৫)

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সভাপতি, ড্রিমটাচ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, ১৫, কেডিএ এভিনিউ, রহিম প্লাজা (৪র্থ তলা), জিপিও ৯০০০, খুলনা, (২০২২-২০২৩ সনের অডিট নোটদৃষ্টে: ৫/4 হাজী ফয়েজ উদ্দিন রোড, মোঃ হাবিবুল্লাহ হাবিব এর বাড়ী, বয়রা, খালিশপুর, খুলনা)।
২। পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা (তাকে বর্ণিত আদেশটি ওয়েবপোর্টালে

আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

৩। মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, খুলনা।

৪। জেলা সমবায় অফিসার, খুলনা।

৫। জেলা সমবায় কর্মকর্তা সকল (খুলনা বিভাগ)।

২৪-০৭-২০২৫

খোন্দকার মনিরুল ইসলাম

উপনিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)